



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
আইন-২ অধিশাখা  
[www.moefcc.gov.bd](http://www.moefcc.gov.bd)

নং-২২.০০.০০০০.০৭০.০৩.০০১.২০২০-০৪

তারিখ:- ২১ পৌষ ১৪২৮ বাং  
০৫ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৪ আগস্ট ২০২১ তারিখের ৮০.০০.০০০০.১১০.১১.০০৩. ২১(অংশ-১)-২১৪নং স্মারকের সুপারিশক্রমে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম-এর “বৈজ্ঞানিক কর্মকর্তা” পদে নিম্নবর্ণিত ০২ (দুই) জন প্রার্থীকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) তৎসহ বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতা ও সুবিধাদি মোতাবেক নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:-

| ক্রঃ নং | প্রার্থীর নাম         | পদের নাম            | রেজিঃ নম্বর | জেলা   | কোটা       |
|---------|-----------------------|---------------------|-------------|--------|------------|
| ১।      | সৈয়দা শাহারিনা হাসিন | বৈজ্ঞানিক কর্মকর্তা | 708720      | রংপুর  | মেধা       |
| ২।      | তামান্না বিনতে ইসলাম  | - ঙ্র -             | 073318      | বগুড়া | বিশেষ মেধা |

**০২। শর্তসমূহ:**

- তাকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযুক্ত বলে বিবেচিত হন তবে সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যক্তিরেকে এবং কোন কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;
- শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে কর্তৃপক্ষের সন্তুষ্টিক্রমে তাঁকে চাকুরিতে স্থায়ী করা হবে;
- তিনি বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে বাধ্য থাকবেন;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকুরিতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ১৫০ (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের বিয়ের সময় কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিকভাতা পাবেন না।

০৩। **অনুচ্ছেদ-২** এ বর্ণিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে আগামী ০১-২-২০২২ তারিখের মধ্যে বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬ এ যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(একেএম তারেক)

উপসচিব

ফোন: ৯৫৪০২৬০।

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশপূর্বক ২০ (বিশ)

কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।



২২.০০.০০০০.০৭০.০৩.০০১.২০২০-০৪/১(১০)

তারিখ:- ২১ পৌষ ১৪২৮ বাং  
০৫ জানুয়ারি ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ০৩। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
- ০৪। মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৫। উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, সিজিএ ভবন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। সিস্টেমস এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সৈয়দা শাহারিনা হাসিন, পিতা-সৈয়দ আনোয়ারুল হাসিন (হারুন), মাতা-নাজমুন নাহার, গ্রাম-ধাপ জেল রোড, রোড-১, বাসা-০৮, ডাকঘর-রংপুর সদর, থানা-রংপুর সদর, জেলা-রংপুর-৫৪০০।
- ১০। জনাব তামান্না বিনতে ইসলাম, পিতা-মোঃ জহরুল ইসলাম, মাতা-তাহেরা বানু, গ্রাম-নাটাই পাড়া, ডাকঘর-বগুড়া, উপজেলা/থানা-বগুড়া সদর, জেলা-বগুড়া-৫৮০০।

(একেএম তারেক)

উপসচিব

ফোনঃ ৯৫৪০২৬০।